ভোরের কাগজ

06 JAN 1994

তারিখ 06 JAN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

14

# দেশে ইংরেজি শিক্ষার আগ্রহ বেড়েছে

প্রণব সাহা : দেশে ইংরেজি ভাষা শিক্ষার আগ্রহ বেড়েছে। সম্প্রতি পরিচালিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের চাহিদা জরিপের ফলাফল থেকে এ তথ্য জানা গেছে।

চারটি বেসরকারি প্রতিষ্ঠিত গবেষণা প্রতিষ্ঠান পরিচালিত জরিপে দেখা গেছে অধিকাংশ শিক্ষার্থী উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ভাষা ডিপ্লোমা এবং ইংরেজি ভাষার সার্টিফিকেট কোর্সে অংশ নিতে আগ্রহী। ১০,০০০ পরিবারের মধ্যে অনুষ্ঠিত জরিপে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ১৫টি আনুষ্ঠানিক কোর্সের মধ্যে কৃষি সম্প্রসারণ, বি-৩৬ এবং ব্যবস্থাপনা বিষয়ে শিক্ষা লাভের আগ্রহ দেখা গেছে বেশি।

জরিপের ফলাফলের ভিত্তিতে আগামী ১০ জানুয়ারি অনুষ্ঠেয় কর্মশালায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রম নতুন করে সাজানো হবে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষা চাহিদা জরিপে সর্বনিম্ন অষ্টম শ্রেণী পাস এমন ব্যক্তিদের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়। জরিপের ফলাফলে দেখা গেছে, ১৮-২৪ বছর বয়সী তরুণরা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স ও মাস্টার্স ডিগ্রি নিতে আগ্রহী।

জরিপে অংশগ্রহণকারীদের শতকরা ৯০ জন কোনো না কোনোভাবে টিভি ও রেডিওর অনুষ্ঠান দেখে এবং শোনে। এদের মধ্যে ৩০ বছরের ওপরের বয়সীরা টেলিভিশন, রেডিওতে সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত এবং ১৮-৩০ বয়সীরা সকালে অথবা বিকেল ৩-৬টা পর্যন্ত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠান প্রচারের পক্ষে মত ব্যক্ত করেছেন।